

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান হিসাবকর্মকর্তার কার্যালয়  
কৃষি মন্ত্রণালয়  
হিসাব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

নং সিএও/কৃষি/বেতন নির্ধারণ/ *সিএও/সি-৩/২৬৭১/৭৬*

তারিখ: *২১/০৮/২০১৯* খ্রিঃ

বরাবর,  
হিসাব মহানিয়ন্ত্রক, বাংলাদেশ  
হিসাব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি)।

বিষয়ঃ উপ সহকারী কৃষি কর্মকর্তাদের উন্নীত স্কেলে বেতন নির্ধারণ ও গেজেটেড পদ মর্যাদা প্রসঙ্গে।

সূত্র নংঃ ১. ০৭.১৫৪.০১৫.০১২.০১.০০০৬.০২০.১২.৩২৫ তারিখঃ ২৯/১০/২০১৩ খ্রিঃ  
২. ০৫.১৫৭.০১৫.০১.০৫.০১৫.২০১০-৪৫ তারিখঃ ১০/০৩/২০১৩ খ্রিঃ  
৩. ১২.০০.০০০০.০৫২.১১.০৪৪.১৮-১০৪১ তারিখঃ ১২/১০/২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্র পত্র সমূহের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।


০২।। কৃষি মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন দপ্তর/সংস্থায় কর্মরত কৃষি ডিপ্লোমাবারী উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদের বেতন গ্রেড-১১ হতে ১০ এ উন্নীত করা হয় (কপি সংযুক্ত)। কিন্তু আদেশ সমূহে ইতোপূর্বে যারা ১ম, ২য় এবং ৩য় টাইম স্কেল ও সিলেকশন গ্রেড প্রাপ্ত হয়ে ১০ম গ্রেডের উপরে বেতন আহরণ করছেন; তাদের বেতন নির্ধারণের ব্যাপারে সুস্পষ্ট নির্দেশনা নেই। এখানে উল্লেখ্য যে, সরকারী ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ কর্মসূচীর ওয়েব সাইটে অনলাইনে প্রস্তুতকৃত ফরমে কর্মকর্তাদের ১০ম থেকে ৯ম, ৯ম থেকে ৮ম, ৮ম থেকে ৭ম, ৭ম থেকে ৬ষ্ঠ গ্রেডে স্বয়ংক্রিয়ভাবে বেতন নির্ধারণ হচ্ছে (কপি সংযুক্ত)। তবে যারা ১০ম গ্রেডের উপরে বেতন আহরণ করছেন, তাদের ক্ষেত্রে বেতন নির্ধারণ প্রয়োজন নেই বলে অত্র অফিস মনে করেন; এই ব্যাপারে সদয় নির্দেশনা/মতামত প্রয়োজন।

০৩।। যারা বর্তমানে ১১তম স্কেলে বেতন গ্রহণ করছেন, তাদের বেতন নির্ধারণে সরকারী ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ কর্মসূচীর ওয়েব সাইটে এর মাধ্যমে অনলাইনে প্রস্তুতকৃত বেতন নির্ধারণী ফরমে (কপি সংযুক্ত) কর্মকর্তাদের উন্নীত স্কেল এর পরিবর্তে উচ্চতর গ্রেড স্কেল উল্লেখ করে বেতন নির্ধারণ করায় বি.এস.আর ১ম খন্ডের বিধি ৪২(১) (II) ধারা অনুসরণ করা হয় নাই। উদাহরণ স্বরূপ একজন কর্মকর্তা বর্তমানে ১১তম গ্রেডে ১২৫০০-৩০২৩০ স্কেলে মূল বেতন ১৭৬২০ আহরণ করছেন। উন্নীত স্কেলে ১০ম গ্রেডে ১৬০০০-৩৮৬৪০ স্কেলে মূল বেতন ১৬৮০০/- + পিপি ৮২০ নির্ধারণ হওয়ার কথা। কিন্তু এক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তাদের মূল বেতন ১৭৬৪০ + পিপি-৮৪০ নির্ধারণ করা হয়েছে।

০৪।। ১নং সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের দ্বিতীয় শ্রেণী পদ মর্যাদা প্রদান করা হয়। সূত্র নং ২ ও ৩ স্মারকে সংশ্লিষ্ট কর্মকর্তাদের দ্বিতীয় শ্রেণী পদ মর্যাদা প্রদানের ব্যাপারে সুস্পষ্ট মতামত উল্লেখ না থাকায় বেতন ভাতাদি গেজেটেড/নন-গেজেটেড হিসাবে পরিশোধ করা হবে এই ব্যাপারে সদয় সিদ্ধান্ত প্রয়োজন।

সিএও মহোদয়ের সদয় অনুমোদনক্রমে।

*ok ofc*



*(কাজী আবুল কাসেম)*  
উপ-প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা  
সিএ/কৃষি মন্ত্রণালয়  
*২৫/০৮/১৯*  
*১৯/৮*